

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ
জুডিশিয়াল মুন্সিখানা শাখা



ময়মনসিংহ জেলার আগস্ট/২০২১ মাসের জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	মোহাম্মদ এনামুল হক জেলা ম্যাজিস্ট্রেট, ময়মনসিংহ
সভার তারিখ	০৮ আগস্ট ২০২১
সভার সময়	সকাল ১১:০০ টা
স্থান	জুম সফটওয়্যার
উপস্থিতি	৫৩ জন

সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ১৫ আগস্টের সকল শহিদদের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন। সভায় ভারুয়াল পদ্ধতিতে সংযুক্ত সকল সদস্যকে স্বাগত জানান। জেলা আইন-শৃঙ্খলা কমিটির মাননীয় উপদেষ্টা (১) জনাব কে এম খালিদ, মাননীয় প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও মাননীয় সংসদ সদস্য, ময়মনসিংহ- ০৫ (মুক্তাগাছা), (২) জনাব নাজিম উদ্দিন আহমেদ, মাননীয় সংসদ সদস্য, ময়মনসিংহ- ০৩ (গৌরীপুর) এবং (৩) জনাব ফখরুল ইমাম, মাননীয় সংসদ সদস্য, ময়মনসিংহ- ০৮ (ঈশ্বরগঞ্জ) সভায় ভারুয়াল পদ্ধতিতে উপস্থিত থাকায় তাদের ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

করোনা ভাইরাস এর উদ্ভূত পরিস্থিতি নিয়ন্ত্রণে সকল সদস্যগণ সমন্বিত প্রয়াস অব্যাহত রাখতে সকলকে আহ্বান জানানো হয়। অতঃপর আইন-শৃঙ্খলা কমিটির আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করা হয়। করোনা ভাইরাস এর উদ্ভূত পরিস্থিতি মোকাবেলায় মোবাইল কোর্টের অভিযান বৃদ্ধিসহ সকল আইন প্রয়োগকারী সংস্থাকে অভিযান পরিচালনায় আরো কঠোর হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন		
ক) বিগত সভার কার্যবিবরণী ও বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করা হয়।	ক) বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন ও বিয়োজন না থাকায় এবং কোন সংশোধনী প্রস্তাব উত্থাপিত না হওয়ায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।	ক) সকল সদস্য, জেলা আইন-শৃঙ্খলা কমিটি, ময়মনসিংহ।
খ) আইন-শৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখার লক্ষ্যে উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভা মন্ত্রিপরিষদ কর্তৃক নির্ধারিত প্রতি মাসের নির্দিষ্ট সময়ে আয়োজন ও কার্যবিবরণী যথাসময়ে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।	খ) উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভা সম্পন্ন করে কার্যবিবরণী পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে আবশ্যিকভাবে এ কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	খ) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ময়মনসিংহ।
গ) আইন-শৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখার লক্ষ্যে ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভা নিয়মিত আয়োজন ও কার্যবিবরণী যথাসময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।	গ) ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির কার্যবিবরণী প্রতি মাসের নির্দিষ্ট তারিখের মধ্যে সংগ্রহকরণ এবং প্রাপ্ত কার্যবিবরণীর সংখ্যা উপজেলা আইনশৃঙ্খলা সভার কার্যবিবরণী উত্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	গ) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ময়মনসিংহ।
০২। বিগত মাসের অপরাধচিত্র পর্যালোচনা		

<p>ক) পুলিশ সুপার, ময়মনসিংহ কর্তৃক উপস্থাপিত বিগত মাসের অপরাধচিত্র পর্যালোচনায় দেখা যায়, ময়মনসিংহ জেলার ১৪ টি থানায় জুলাই/২০২১ মাসে ৪০৯টি এবং জুন/২০২১ মাসে ৪৭৬টি মামলা দায়ের হয়েছে। জুলাই/২০২১ মাসে জুন/২০২১ মাসের তুলনায় ৬৭টি মামলা কম দায়ের হয়েছে এবং বিগত বছরের একই সময়ে অর্থাৎ জুলাই/২০২০ মাসের তুলনায় ৪১টি মামলা কম দায়ের হয়েছে। বর্তমানে জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।</p>	<p>জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে বিভিন্ন আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসহ সংশ্লিষ্ট সকলকে যথাযথ আইনী পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p>	<p>পুলিশ সুপার, ময়মনসিংহ। পরিচালক, র্‍যাব-১৪, ময়মনসিংহ। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ময়মনসিংহ।</p>
<p>খ) আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। অপরাধ প্রবণতা হ্রাস এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখার জন্য গোয়েন্দা তৎপরতা বৃদ্ধিসহ খুন, সন্ত্রাস, নাশকতা, নারী নির্যাতন, দস্যুতা, অপহরণ, মাদকের প্রবণতা রোধ, ডাকাতি ও জঙ্গি তৎপরতা প্রতিরোধসহ আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে যথাযথ কার্যক্রম গ্রহণের উপর গুরুত্বারোপ করা হয়।</p>	<p>আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্থিতিশীল রাখার লক্ষ্যে গোয়েন্দা তৎপরতা বৃদ্ধি এবং নিয়মিত অভিযান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>পুলিশ সুপার; চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল); যুগ্ম পরিচালক, এনএসআই; উপজেলা নির্বাহী অফিসার (সকল); ময়মনসিংহ।</p>
<p>গ) মসজিদে জুমার নামাজের খুৎবায় এবং ইমাম প্রশিক্ষণে সন্ত্রাস, নাশকতা ও জঙ্গিবাদের বিরুদ্ধে জনসচেতনতামূলক কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়। তাছাড়া জুমার নামাজের খুৎবায় সন্ত্রাস, নাশকতা ও জঙ্গিবাদ বিরোধী বক্তব্য প্রদান নিশ্চিতকরণ, নিয়মিত আলিয়া/কওমী মাদ্রাসা পরিদর্শন, ধর্মীয় প্রতিষ্ঠান এবং মাদ্রাসা ও মসজিদ ভিত্তিক কোন অপরাধী চক্র যাতে গড়ে উঠতে না পারে সে বিষয়ে সতর্ক দৃষ্টি রাখার উপর গুরুত্বারোপ করা হয়।</p>	<p>ইমাম প্রশিক্ষণ ও বিভিন্ন মসজিদে খুৎবার সময় সন্ত্রাস, নাশকতা ও জঙ্গিবাদ প্রতিরোধে ইমামগণের সক্রিয় ভূমিকা পালন এবং সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া মাদ্রাসা, মসজিদ বা অন্য কোন ধর্মীয় প্রতিষ্ঠান ভিত্তিক কোন অপরাধী চক্র যাতে গড়ে উঠতে না পারে সে বিষয়ে নিয়মিত পরিদর্শন এবং সতর্ক দৃষ্টি রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>উপজেলা নির্বাহী অফিসার (সকল), ময়মনসিংহ। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, ময়মনসিংহ। সভাপতি, ইমাম সমিতি, ময়মনসিংহ।</p>
<p>০৩। খুন, যৌন হয়রানি, এসিড নিক্ষেপসহ জঘন্যতম অপরাধসমূহ নিয়ন্ত্রণ সম্পর্কিত আলোচনা</p>		
<p>সভায় স্পর্শকাতর অপরাধ যেমন: খুন, যৌন হয়রানি, এসিড নিক্ষেপ ও নারী নির্যাতন সম্পর্কে বিশদ আলোচনা করা হয়। জুলাই/২০২১ মাসে খুন ০৮টি, ধর্ষণ ৩৪টি ও নারী ও শিশু নির্যাতন ৫০টি সংঘটিত হয়েছে। খুন, অপহরণ ও নারী নির্যাতনসহ অন্যান্য জঘন্য প্রকৃতির অপরাধসমূহ কঠোর হস্তে দমন এবং সামাজিক সচেতনতা বৃদ্ধির উপর সভায় গুরুত্বারোপ করা হয়।</p>	<p>খুন, যৌন হয়রানি, এসিড নিক্ষেপ ও দস্যুতাসহ অন্যান্য স্পর্শকাতর অপরাধসমূহ কঠোর হস্তে দমনের লক্ষ্যে আইনানুগ ব্যবস্থা গ্রহণ এবং সামাজিক সচেতনতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>পুলিশ সুপার; পরিচালক, র্‍যাব-১৪; চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল); উপজেলা নির্বাহী অফিসার (সকল); মহিলা বিষয়ক কর্মকর্তা, ময়মনসিংহ।</p>
<p>০৪। মাদক ব্যবহার রোধ সংক্রান্ত আলোচনা</p>		

<p>জেলা এবং উপজেলার বিভিন্ন স্থানে মাদকদ্রব্য বিক্রয় বন্ধ ও মাদকের প্রবণতা রোধে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। জুলাই/২০২১ মাসে ০৩টি টাস্কফোর্স অভিযান পরিচালনার মাধ্যমে ইয়াবা ২০পিস, ফেনসিডিল ০৮ বোতল; মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক ৫০টি অভিযান পরিচালনার মাধ্যমে ৫০,০০০/- টাকা এবং পুলিশ বিভাগ কর্তৃক ১৪,৩১,৭৫০/- টাকার হেরোইন, গাঁজা, দেশী মদ, বিদেশী মদ, ইয়াবা, ইনজেকশন এবং ফেনসিডিল উদ্ধার করা হয়েছে। মাদকের প্রবণতা রোধকল্পে মাদক ব্যবসায়ী/পাচারকারীসহ সংশ্লিষ্ট ব্যক্তিদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ এবং টাস্কফোর্স অভিযানের সংখ্যা বৃদ্ধির উপর সভায় গুরুত্বারোপ করা হয়।</p>	<p>ময়মনসিংহ জেলা সদর এবং বিভিন্ন উপজেলায় মাদক ব্যবসায়ী/পাচারকারীদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া মাদকের প্রবণতা রোধ ও মাদক বিক্রি বন্ধে টাস্কফোর্স অভিযানের সংখ্যা বৃদ্ধি করতে হবে মর্মেও সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>পুলিশ সুপার, ময়মনসিংহ। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ময়মনসিংহ। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ময়মনসিংহ। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট (সকল), ময়মনসিংহ। উপ-পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ময়মনসিংহ। ড্রাগ সুপার, ময়মনসিংহ।</p>
---	---	---

০৫। মোবাইল কোর্ট সংক্রান্ত তথ্য

<p>ময়মনসিংহ জেলার ১৩ টি উপজেলায় জুলাই/২১ মাসে বাংলাদেশ দন্ডবিধি ১৮৬০ এর আওতায় ৬৮৬ টি, সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল) আইন ২০১৮ এর আওতায় ৭৭টি, ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর আওতায় ০২টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর আওতায় ০৩টি, বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন ২০১০ এর আওতায় ০২টি, পণ্যে পাটজাত মোড়ক বাধ্যতামূলক ব্যবহার আইন ২০১০ এর আওতায় ০১টি, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন ২০০৯ এর আওতায় ০১টি, সড়ক পরিবহন আইন ২০১৮ এর আওতায় ১২টিসহ সর্বমোট ৭৭১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করা হয়েছে। এতে ৭৩১৬টি মামলা দায়ের, জরিমানা আদায় ৫০,৩৩,৩৮৫/- টাকা এবং ১১জনকে বিভিন্ন মেয়াদে কারাদন্ড প্রদান করা হয়েছে।</p>	<p>করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে সামাজিক দূরত্ব নিশ্চিতকরণ, স্বাস্থ্যবিধি মেনে চলা, লকডাউন ও হোম কোয়ারান্টাইন নিশ্চিতকরণ, আবশ্যিকভাবে মাস্ক পরিধান করা, গণপরিবহনে স্বাস্থ্যবিধি মেনে চলা, খাদ্যদ্রব্য, ফলমূল ইত্যাদিতে রাসায়নিক ও ভেজাল মিশ্রণ রোধ, মাদকদ্রব্যের ব্যবহার রোধ এবং দ্রব্যমূল্য স্থিতিশীল রাখার ব্যবস্থা গ্রহণের নিমিত্ত ভ্রাম্যমান আদালত পরিচালনা জোরদার করণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ময়মনসিংহ। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ময়মনসিংহ। সহকারী কমিশনার (ভূমি) (সকল), ময়মনসিংহ। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট (সকল), ময়মনসিংহ।</p>
---	--	--

০৬। গ্রাম আদালত সমূহের মামলা নিষ্পত্তির সংক্রান্ত

<p>ময়মনসিংহ জেলায় গ্রাম আদালতে দায়েরকৃত মামলাসমূহের বিষয়ে সভায় পর্যালোচনা করা হয়। জুলাই/২০২১ মাসে জেলার ১৩ টি উপজেলায় ৭০৩টি মামলা অনিষ্পন্ন রয়েছে। তন্মধ্যে সর্বোচ্চ ত্রিশাল উপজেলায় ২৪৪টি, ভালুকা উপজেলায় ১৬২টি এবং ফুলবাড়ীয়া উপজেলায় ১০১টি মামলা অনিষ্পন্ন রয়েছে। মামলাসমূহ নিষ্পত্তির বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।</p>	<p>গ্রাম আদালতে দায়েরকৃত মামলাসমূহ যথাযথ প্রক্রিয়ায় দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। বিশেষ করে ত্রিশাল, ভালুকা ও ফুলবাড়ীয়া উপজেলাসমূহের পেন্ডিং মামলা যথাযথ প্রক্রিয়ায় দ্রুত নিষ্পত্তি করতে হবে।</p>	<p>উপপরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ময়মনসিংহ।</p>
--	--	---

০৭। বাল্যবিবাহ ও নিষিদ্ধ পলিথিনমুক্ত ময়মনসিংহ জেলা বাস্তবায়ন

<p>ক) জুলাই/২০২১ মাসে বাল্যবিবাহের কোন অভিযোগ না থাকায় মোবাইল কোর্ট পরিচালনা করা হয়নি। বাল্যবিবাহ প্রতিরোধে মোবাইল কোর্ট অভিযান বৃদ্ধি করতে হবে।</p> <p>খ) ‘নিষিদ্ধ পলিথিনমুক্ত ময়মনসিংহ জেলা’ বাস্তবায়নের লক্ষ্যে নিয়মিত মোবাইল কোর্ট অভিযান ও বাজার তদারকি অব্যাহত আছে। জুলাই/২০২১ মাসে পণ্যে পাটজাত মোড়ক বাধ্যতামূলক ব্যবহার আইন ২০১০ এর আওতায় ০১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করা হয়েছে। নিষিদ্ধ পলিথিনের ব্যবহার রোধ, জনসচেতনতা বৃদ্ধির উপর সভায় গুরুত্বারোপ করা হয়।</p>	<p>ক) বাল্যবিবাহ প্রতিরোধে মোবাইল কোর্ট অভিযান বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>খ) ‘নিষিদ্ধ পলিথিনমুক্ত ময়মনসিংহ জেলা’ বাস্তবায়নের লক্ষ্যে নিয়মিত মোবাইল কোর্ট অভিযান, বাজার তদারকি সহ পলিথিন ব্যবহারের কুফল সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে।</p>	<p>ক) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট; উপজেলা নির্বাহী অফিসার (সকল); সহকারী কমিশনার (ভূমি) (সকল); বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট (সকল), ময়মনসিংহ।</p> <p>খ) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট; উপজেলা নির্বাহী অফিসার (সকল); সহকারী কমিশনার (ভূমি) (সকল); বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট (সকল), ময়মনসিংহ।</p>
০৮। বিবিধ		
<p>ক) উপজেলা নির্বাহী অফিসার, ভালুকা, ময়মনসিংহ জানান, ধনী-গরীব উভয় শ্রেণির মানুষই বনের জায়গা দখল করে আছে। কিন্তু উচ্ছেদ/ মামলা প্রদানের ক্ষেত্রে শুধুমাত্র গরীব মানুষদের চিহ্নিত করা হয়। ধর্গাঢ্য ব্যক্তির উক্ত উচ্ছেদ অভিযানের বাহিরে থাকে।</p>	<p>ক) i) ভালুকা উপজেলায় বন বিভাগের সীমানা দ্রুত নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়। ii) বন মামলাসমূহ যথাযথ প্রক্রিয়ায় দ্রুত নিষ্পত্তি করতে হবে।</p>	<p>বিভাগীয় বন কর্মকর্তা, ময়মনসিংহ</p> <p>অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ময়মনসিংহ</p>
<p>খ) ধোবাউড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নিকটবর্তী নাম-বেনামে বিভিন্ন ক্লিনিক ও ডায়াগনোস্টিক সেন্টারসহ ময়মনসিংহ জেলায় সকল বেসরকারি হাসপাতাল, ক্লিনিক ও ডায়াগনোস্টিক সেন্টারসমূহের লাইসেন্স তদারকির বিষয়ে গুরুত্বারোপ করা হয়।</p>	<p>খ) ময়মনসিংহ জেলায় সকল বেসরকারি হাসপাতাল, ক্লিনিক ও ডায়াগনোস্টিক সেন্টারসমূহের লাইসেন্স নিয়মিত তদারকিসহ চিকিৎসা সেবা নিশ্চিতকরণে মনিটরিং এর সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>সিভিল সার্জন; উপজেলা নির্বাহী অফিসার (সকল); ময়মনসিংহ</p>
<p>গ) জনাব নাজিম উদ্দিন আহমেদ, মাননীয় সংসদ সদস্য, ময়মনসিংহ- ০৩ (গৌরীপুর) জানান, নেত্রকোণা জেলা হতে ঈশ্বরগঞ্জ উপজেলা হয়ে শাহবাজপুর এর রাস্তার উন্নয়ন কাজ চলমান রয়েছে। রাস্তার উন্নয়নের জন্য ভূমি অধিগ্রহণের টাকা পরিশোধ না করায় ভূমি মালিকগণ দখল ছাড়ছেন না। এতে করে রাস্তার উন্নয়নের কাজ বন্ধ রয়েছে।</p>	<p>গ) নেত্রকোণা জেলা হতে ঈশ্বরগঞ্জ উপজেলা হয়ে শাহবাজপুর পর্যন্ত রাস্তা নির্মাণে অধিগ্রহণকৃত ভূমির টাকা দ্রুত পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ময়মনসিংহ</p>
<p>ঘ) জনাব ফখরুল ইমাম, মাননীয় সংসদ সদস্য, ময়মনসিংহ- ০৮ (ঈশ্বরগঞ্জ) জানান, বাংলাদেশে বিদ্যুতের কোন ঘাটতি নেই। কিন্তু ময়মনসিংহ জেলা শহরসহ উপজেলাসমূহে নিয়মিত লোড-শেডিং হচ্ছে। এতে করে জনগণের ভোগান্তি সৃষ্টি হচ্ছে। লোড-শেডিং সমস্যা সমাধানের সভায় গুরুত্বারোপ করা হয়।</p>	<p>ঘ) ময়মনসিংহ জেলা শহরসহ উপজেলাসমূহে যান্ত্রিক ত্রুটি/মেরামতের জন্য ৩০ মিনিটের অধিক সময় লোড-শেডিং এর প্রয়োজন হলে তা হ্যান্ড মাইকিং করে জনগণকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ময়মনসিংহ জেনারেল ম্যানেজার, ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি- ১</p>
<p>ঙ) জনাব কে এম খালিদ, মাননীয় প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও মাননীয় সংসদ সদস্য, ময়মনসিংহ- ০৫ (মুন্সিগাছা) জানান, বর্তমানে বৈশ্বিক মহামারী করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধসহ আক্রান্ত রোগীদের সু-চিকিৎসা নিশ্চিতকরণের সমাজের সকল স্তরের মানুষের সহযোগিতা কামনা করেন।</p>	<p>ঙ) বৈশ্বিক মহামারী করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধসহ আক্রান্ত রোগীদের সু-চিকিৎসা নিশ্চিতকরণের সমাজের বিত্তশালীদের সহযোগিতা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>সংশ্লিষ্ট সকল</p>

<p>চ) পুকুর/ মৎস্য খামারের পাড় রাস্তা ঘেঁষা থাকার ফলে রাস্তার একপাশ দূত ভেঙ্গে পড়ে। এতে সরকারের অর্থ অপচয় হচ্ছে ও জনগণের ভোগান্তি হ্রাস পাচ্ছে না। রাস্তার পাশে পুকুরের পাড় বাঁধা থাকলে রাস্তাগুলো সহজে নষ্ট হতো না।</p>	<p>চ) পুকুর/ মৎস্য খামারের রাস্তা ঘেঁষা পাড় আলাদাভাবে নির্মাণ করার লক্ষ্যে খামার মালিক/ পুকুর মালিকদের নোটিশ প্রদান করার মাধ্যমে নির্ধারিত সময়ে কার্যকরী ফলাফল না পাওয়া গেলে মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>উপজেলা নির্বাহী অফিসার (সকল), ময়মনসিংহ</p>
<p>ছ) ফুলবাড়ীয়া উপজেলা হতে ময়মনসিংহ জেলা শহরের দূরত্ব ২০ কি:মি:। এই রাস্তায় যত্রতত্র স্পীডব্রেকার দেওয়া হয়েছে। এতে করে সড়ক দুর্ঘটনার ঝুঁকি রয়েছে।</p>	<p>ছ) ফুলবাড়ীয়া উপজেলা হতে ময়মনসিংহ জেলা শহরের রাস্তায় অপরিষ্কৃত স্পীডব্রেকার উচ্ছেদ ও পরিষ্কৃত স্পীডব্রেকার স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সওজ, ময়মনসিংহ</p>

সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়নপূর্বক অগ্রগতি প্রতিবেদন আগামী ০৫/০৯/২০২১ খ্রি: তারিখের মধ্যে ই-মেইলে (acjmmymensingh@mopa.gov.bd) প্রেরণ করা সিদ্ধান্ত গৃহীত হয়। অতঃপর উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং পরবর্তী সভায় ১২/০৯/২০২১ তারিখে (মাসের ২য় রবিবার) অংশগ্রহণের আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মোহাম্মদ এনামুল হক
জেলা ম্যাজিস্ট্রেট, ময়মনসিংহ

স্মারক নম্বর: ০৫.৪৫.৬১০০.০১০.০৩.০০৫.১৯.৬৪০

তারিখ: ৩০ শ্রাবণ ১৪২৮

১৪ আগস্ট ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ
- ৪) পুলিশ সুপার, ময়মনসিংহ
- ৫) অধিনায়ক, ৩৯ বিজিবি, ময়মনসিংহ
- ৬) পরিচালক, র্‌যাব-১৪, ময়মনসিংহ
- ৭) প্রধান নির্বাহী কর্মকর্তা, ময়মনসিংহ সিটি কর্পোরেশন
- ৮), ময়মনসিংহ
- ৯) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ময়মনসিংহ
- ১০) মেয়র, পৌরসভা, ময়মনসিংহ
- ১১) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ময়মনসিংহ
- ১২), ময়মনসিংহ



আয়েশা হক

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট